



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ১০০ টাকার অনুদানে ৩০ জিবি ডাটা
পাচ্ছে



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ১৯৯ টাকায় ৩০ জিবি ডাটা প্যাকেজের মধ্যে ১০০ টাকা জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরিশোধ করার লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং রবি'র মধ্যে সমঝোতা স্মারক অনুষ্ঠান ৪ নভেম্বর ২০২০-বুধবার উপাচার্যের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, অনলাইন শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ১৯৯ টাকার ৩০ জিবি ডাটা প্যাকেজের মধ্যে- শিক্ষার্থীরা ৯৯ টাকা প্রদান করবে এবং বাকী ১০০ টাকা জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রবি'কে সরাসরি প্রদান করবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং রবি'র চিফ



এন্টারপ্রাইজ বিজনেস অফিসার জনাব আদিল হোসেন নোবেল নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিটি স্বাক্ষর করেন। এসময় রেজিস্ট্রার, প্রক্টর, পরিচালক (অর্থ ও হিসাব) সহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং রবি'র এন্টারপ্রাইজ বিজনেস'র ভাইস প্রেসিডেন্ট আবুল কালাম, জেনারেল ম্যানেজার মনিরুল ইসলাম এবং ম্যানেজার ধীমান কান্তি উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই চুক্তির আওতায় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ১৯৯ টাকায় এই সুবিধা উপভোগ করবেন। বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।